# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

**(Residential Autonomous College affiliated to University of Calcutta)**

**FIRST YEAR (BATCH 2018-21)**

**B.A./B.Sc. SECOND SEMESTER (January – June) 2019**

**Mid-Semester Examination, March 2019**

**BENGALI (HONOURS)**

Date : 25/03/2019

Time : 11am – 1pm

Paper : II

Full Marks : 50

১। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও। [১×১০]

ক) বাংলা অনুবাদ সাহিত্যের ধারায় কাশীরাম দাস ব্যতীত মহাভারতের অন্যান্য অপ্রধান অনুবাদকদের সম্বন্ধে সংক্ষিপ্ত আলোচনা করো।

খ) বাংলা পদাবলী সাহিত্যে কবি জ্ঞানদাসের অবদান আলোচনা করো।

২। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও। [১×১০]

ক) পালি ভাষার উৎপত্তি সংক্রান্ত মতবাদগুলি উল্লেখ করো। পালি ভাষার তিনটি রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য ও তিনটি ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য সূত্রাকারে লেখো। [৪+৩×২]

খ) দক্ষিণ-পশ্চিমা প্রাকৃত থেকে মধ্যভারতীয় আর্যভাষার দ্বিতীয় স্তরে যে-দু'টি সাহিত্যিক প্রাকৃত সৃষ্টি হয়েছিল সেই দু'টির নাম উল্লেখ করো। সেই সাহিত্যিক প্রাকৃত দু'টির নিদর্শন কোথায় কোথায় পাওয়া যায়? সেই সাহিত্যিক প্রাকৃতগুলির চারটি করে বৈশিষ্ট্য সূত্রাকারে লেখো। [০.৫×২+০.৫×২+৪×২]

৩। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও। [১×১০]

ক) কবিকঙ্কন মুকুন্দের 'অভয়ামঙ্গল' কাব্যের 'গ্রন্থোৎপত্তির কারণ' অংশে তৎকালীন শাসক-শাসিতের সম্পর্ক, প্রজাপীড়ন, দুর্নীতি এবং রাষ্ট্রযন্ত্রের স্বেচ্ছাচারিতার যে তথ্য ধরা পড়েছে তার পরিচয় দাও।

খ) 'গৌরীর সহিত মেনকার কলহ', 'শঙ্করের ভিক্ষা', 'হরগৌরীর কলহারম্ভ' ও 'গৌরীর খেদ' — কোনো অর্থে পুরাণ নির্দেশিত দেবীর স্বরূপ উন্মোচন করে না; যোড়শ শতকের আর্থিক অনিশ্চয়তার নীড়-ভাঙা বাঙালির অন্তর্কলহের পরিচায়ক হয়ে ওঠে — আলোচনা করো।

৪। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও। [১×১০]

ক) সুকুমার সেনের প্রবন্ধানুসারে নাথ পন্থার উৎপত্তি ও বিকাশ নিয়ে সংক্ষিপ্ত আলোচনা করো।

খ) 'গোর্খ বিজয়'—এর সূচনায় কেমন ভাবে নাথসিদ্ধদের বৃত্তান্ত উপস্থিত হল তা মূল কাহিনির ভিত্তিতে সংক্ষেপে লেখো।

৫। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও। [১×১০]

ক) যে কোনো **দু'টি** বিষয়ে টীকা লেখ। [৫×২]

স্তবক, যতি, চরণ

খ) সরল কলাবৃত্ত রীতির ছন্দের বৈশিষ্ট্যগুলি উল্লেখ করে এই রীতির ছন্দের মাত্রাগণনা পদ্ধতি উদাহরণের সাহায্যে বুঝিয়ে দাও। [৩+৭]

——— × ———